যুগান্তর

তারিখ ... 21 NOV 2008
পৃষ্ঠা - ২৩ কলাম - ২

# ফাজিল স্নাতক পরীক্ষার প্রথম বর্ষের ফল প্রকাশ

সলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

সলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএ
গ্রির মানপ্রাপ্ত মাদ্রাসার ফাজিল স্নাতক
থমবর্ষ ও ফাজিল স্নাতক বিশেষ
রীক্ষার ফলাফল বৃহস্পতিবার প্রকাশ
া হয়েছে। বিকাল ৪টায়
শ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ
লী আনুষ্ঠানিকভাবে সাংবাদিকদের
মনে এ ফলাফল প্রকাশ করেন। একই
য় সারাদেশের ২৩৪টি পরীক্ষা কেন্দ্র
কে একযোগে ফলাফল প্রকাশ করা
। এ বছর সারাদেশের ১২৭৯টি
জিল-কামিল মাদ্রাসার মোট ৪৪
ার ৯২ জন প্রথমবর্ষের নিয়মিত ও
জল বিশেষ পরীক্ষায় ২৩৪টি কেন্দ্রে
ক্ষায় অংশ নেয়।

াশিত ফলাফল অনুযায়ী ফাজিল
তক প্রথমবর্ষে মোট ২০ হাজার ৭৫৭
নিয়মিত শিক্ষার্থী অংশ নেয়। তার
্য পাস করেছে ১৭ হাজার ২২২ জন।
সের হার ৮৬.৫৬ শতাংশ। জিপিএ-
০০ তিন জন, জিপিএ-৪.০০ ৩১০
ডিপিএ-৩.৫০ ২৩০৯ জন,
পিএ-৩.০০ ৪৬৩২ জন, জিপিএ-
০ ৭৯৪২ জন ও জিপিএ-১.০০
য়েছে ১৯ হাজার ২৪৮ জন।
রদিকে ২০০৬ ও ২০০৭ সালে

ফাজিল পাসকৃত শিক্ষার্থীদের বিএ ডিগ্রির মান পেতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষায় অংশ নিতে হয়। ফাজিল বিশেষ পরীক্ষায় মোট ২৩ হাজার ৯৮৮ জন শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ২৩ হাজার ৪৬১ জন। পাসের হার ৯৯.০৬ শতাংশ। এবারই প্রথম মাদ্রাসা বোর্ডে নিয়ন্ত্রণের বাইরে অ্যাফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন মাদ্রাসার ফাজিল পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরে এমএর ডিগ্রির মান দিয়ে কামিল পরীক্ষাও গ্রহণ করবে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক বলেন 'ফাজিল স্নাতক পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ ছিল একটা বিরাট চ্যালেঞ্জ যা আমরা ইতিমধ্যে সম্পন্ন করেছি।' কাজটি সম্পন্ন করতে পেরে তিনি সন্তোষ প্রকাশ করেছেন। তিনি এ কাজে সহযোগিতা করার জন্য বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাগুলোর শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সবাইকে ধন্যবাদ জানিয়েছেন।